



রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী

গণবিজ্ঞপ্তি



আসন্ন পবিত্র ঈদ-উল ফিতর নিরাপদ ও নির্বিঘ্নে উদযাপনের জন্য সম্মানিত জনসাধারণকে নিম্নোক্ত পরামর্শ গ্রহণের অনুরোধ জানানো হচ্ছে :

- ঈদের প্রাক্কালে যাঁরা রাজশাহীর বাহিরে যাবেন তাঁরা বাড়িটি সঠিকভাবে তালাবদ্ধ হয়েছে কিনা তা নিশ্চিত করার পাশাপাশি ভবনে অবস্থানরত অন্যরা যাতে সজাগ দৃষ্টি রাখেন সেজন্য প্রতিবেশীদের সহযোগিতা নিবেন। ঈদ ভ্রমণ পরিকল্পনা এমনভাবে করবেন যাতে শেষ মুহূর্তের ট্রেন, বাসের মারাত্মক ভিড় এড়িয়ে নির্বিঘ্নে প্রিয়জনের সাথে ঈদের আনন্দ উপভোগ করতে পারেন।
- ঈদের ছুটিকালীন বিভিন্ন মার্কেট/ব্যবসা প্রতিষ্ঠানসমূহ সঠিকভাবে তালাবদ্ধ রাখা, কলাপসিবল গেইট দ্বারা নিরাপত্তা নিশ্চিত করা এবং নিজস্ব নিরাপত্তা প্রহরী/দারোয়ানের ব্যবস্থা করবেন।
- দ্রুতগতিতে গাড়ি চালাতে চালককে তাগিদ দেবেন না। চালক যাতে নিয়মতান্ত্রিকভাবে গাড়ি চালায় সে দিকে লক্ষ্য রাখুন।
- নিজের জীবনের ঝুঁকি নিয়ে অতিরিক্ত যাত্রী হয়ে ট্রেন, বাসের ছাদে ভ্রমণ করবেন না। যথাসম্ভব ভিড় এড়িয়ে চলুন, নিরাপদে ভ্রমণ করুন।
- মহাসড়কে নসিমন, করিমন, ভটভটি ইত্যাদি অবৈধ যানবাহন চালানো সম্পূর্ণ নিষিদ্ধ। এসব বিপদজনক যানবাহনে চলাচল পরিহার করুন, নিরাপদে থাকুন।
- যাত্রা পথে রেল স্টেশন, বাস টার্মিনালে অপরিচিত কোন ব্যক্তির কাছ থেকে কোমল পানীয়, শরবত বা অন্য কোন খাবার গ্রহণ করবেন না।
- কোন ব্যক্তিকে অজ্ঞান পার্টি/প্রতারণা চক্রের সদস্য সন্দেহ হলে তাৎক্ষণিক নিকটস্থ আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদেরকে জানান।
- বড় অংকের অর্থ লেনদেনের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করুন। প্রয়োজনে পুলিশের সহায়তা নিন। কোন নোট জাল সন্দেহ হলে তাৎক্ষণিক নিকটস্থ পুলিশকে জানান।
- কোন ব্যক্তি/গোষ্ঠি যাতে অমূলক ঘটনার গুজব সৃষ্টির মাধ্যমে জনগণকে বিভ্রান্ত করে আইন শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটাতে না পারে সে ব্যাপারে সতর্ক থাকুন। এ ধরনের পরিস্থিতি সৃষ্টি হলে পুলিশকে অবহিত করুন।
- যে কোন ধরনের অপ্রীতিকর ঘটনা এড়াতে সকল প্রকার অস্ত্রশস্ত্র বহন, আতশবাজি পোড়ানো, পটকা ফুটানো, বিস্ফোরক দ্রব্য বহন, সংরক্ষণ, ক্রয়-বিক্রয়, উচ্চস্বরে মাইকিং করা থেকে বিরত থাকুন।
- আবাসিক হোটেলগুলোতে বোর্ডারদের তথ্য সংগ্রহে রাখুন এবং সিসিটিভি ক্যামেরায় সংরক্ষণপূর্বক সঠিকভাবে ভিডিও ধারণ হচ্ছে কিনা তা নিশ্চিত করুন।
- ঈদের জামায়াতে আগত মুসল্লীগণকে জায়নামাজ ব্যতীত অতিরিক্ত কোন কিছু সঙ্গে না আনার জন্য অনুরোধ করা হলো।
- ঈদগাহ ময়দানে প্রবেশের পূর্বে নির্ধারিত গেইট দিয়ে শৃঙ্খলা ও ধৈর্যের সহিত ভিতরে প্রবেশ এবং নামাজ শেষে সারিবদ্ধভাবে বের হবার জন্য অনুরোধ করা হলো।
- প্রয়োজনে রাজশাহী মহানগর পুলিশের সহায়তার জন্য আরএমপি পুলিশ কন্ট্রোল রুমের ফোন নং-০৭২১-৭৬০১৭০, মোবাঃ ০১৭৬৯-৬৯০৫১৬ এবং ৯৯৯ (টোল ফ্রি) নম্বরে যোগাযোগ করুন।

ঈদ হোক আনন্দ ও উৎসবমুখর

পুলিশের সেবা নিন, নিরাপদে থাকুন

রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী